

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর  
বিএফডিসি ভবন(৪র্থ তলা)  
২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা।  
[www.flid.gov.bd](http://www.flid.gov.bd)

স্মারক নং- ৩৩.০৬.০০০০.০০৪.২৭.০০১.২২-৩১০

তারিখ: ২৮/০২/২০২৩ খ্রি.।

### অবহিতকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট নিয়োগ প্রার্থীগণের জ্ঞাতার্থে উল্লেখ করা যাচ্ছে যে, এ দপ্তরের ২৭/০৪/২০২২ তারিখের ৩৩.০৬.০০০০.০০৪.২৭.০০১.২২-৪৯৫ সংখ্যক স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে উল্লেখিত ২০তম খেডের ১৪(চৌদ্দ)টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা আগামী ১৪/০৩/২০২৩খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৪.০০ ঘটিকায় ঢাকাস্থ রাজারবাগ পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রাজারবাগ, ঢাকা-১২১৭ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাই (scrutiny) শেষে বৈধ আবেদনগণকারীগণের নামে ইতোমধ্যে তাঁদের প্রদত্ত ডাক যোগাযোগের ঠিকানায় প্রবেশ পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়াও প্রার্থীগণের আবেদনপত্রে প্রদানকৃত মোবাইল নম্বরে যোগাযোগ করা হচ্ছে। কোন প্রার্থী ডাকযোগে প্রেরিত প্রবেশপত্র না পেয়ে থাকলে পরীক্ষার দিন সকাল ১২.০০ ঘটিকা পর্যন্ত এ অফিসে যোগাযোগ করে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

নিয়োগ পরীক্ষা সম্পর্কিত জরুরি তথ্যাবলী:

- ১। লিখিত পরীক্ষা শেষে ঐদিনই লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের তালিকা পরীক্ষা কেন্দ্রের নোটিশ বোর্ড এবং মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ওয়েবসাইটে ([www.flid.gov.bd](http://www.flid.gov.bd)) প্রকাশ করা হবে।
- ২। লিখিত পরীক্ষার ফলাফল ঘোষণার পরদিনই মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:  
(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ডের বাসিন্দা সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র (গ) জাতীয় পরিচয় পত্র/জন্মসনদ (ঘ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীকে মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্র (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) (ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্র। আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এর স্বপক্ষে প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ (চ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার সকল প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত এতিমখানা নিবাসী/শারীরিক প্রতিবন্ধী সনদপত্র (ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে জেলা প্রশাসক/জেলা আনসার এডজুটেন্ট প্রদত্ত সনদপত্র (জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ (ঝ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র/ছাড়পত্রের মূলকপি।
- ৫। পরীক্ষার জন্য আগত প্রার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

(ডা. মোঃ এন্সমুল কবীর)

তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ)

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

ও

সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি।

ফোন:০২-৫৫০১২৮০৭।